



# Police Staff College Bangladesh

Section-14, Mirpur, Dhaka-1206

Information: +88-2-802-3242-44, Fax: +88-2-802-3003

www.psc.gov.bd

স্মারক নং-পুস্টাক/১২-২০১৪/রিসার্চ/৩

তারিখ : ১০/০১/২০১৯খ্রিঃ

## পিএসসি জার্নালের জন্য আর্টিকেল/নিবন্ধ আহবান

মহোদয়,

পুলিশ স্টাফ কলেজের পক্ষ থেকে পিএসসি জার্নাল (ISSN:2309-4915) শিরোনামে একটি ইংরেজী জার্নাল বৎসরে ২টি নিয়মিতভাবে প্রকাশ করা হয়ে থাকে। সমসাময়িক পুলিশ ও অপরাধ সংক্রান্ত বিষয়সমূহের সাথে সম্পর্কযুক্ত অভিজ্ঞতালব্ধ, গবেষণালব্ধ তত্ত্বীয় বিশ্লেষণধর্মী এবং আধুনিক পুলিশ প্রশাসন সংক্রান্ত নিবন্ধসমূহ জার্নালে প্রকাশের জন্য বিবেচিত হয়ে থাকে। পিএসসি জার্নাল এর বর্ষ-৬, সংখ্যা ১ প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উক্ত সংখ্যায় প্রকাশের জন্য আপনার/আপনার প্রতিষ্ঠানের পক্ষ থেকে ইংরেজী ভাষায় লিখিত আর্টিকেল/নিবন্ধ আহবান করা যাচ্ছে। নিবন্ধ প্রণেতাগণের জন্য প্রয়োজনীয় তথ্যাবলী এতদসঙ্গে প্রেরণ করা হলো।

নিবন্ধের ২ সেট হার্ডকপি এবং সফটকপি (সিডি অথবা E-mail Address: psc@psc.gov.bd, or dc\_shahjahan@yahoo.com) আগামী ৩০ এপ্রিল, ২০১৯ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য আপনাকে/আপনার প্রতিষ্ঠানকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

### প্রবন্ধকারদের জন্য জ্ঞাতব্য


জার্নালে অপরাধ প্রশাসন, জনপ্রশাসন, ব্যবস্থাপনা ও প্রশিক্ষণ বিষয়ক প্রবন্ধ অধিক গুরুত্ব সহকারে বিবেচনা করা হয়। পুলিশ কর্মকর্তাগণকে (অবসরপ্রাপ্ত কর্মকর্তাসহ) অপরাধ বিষয়ক সমসাময়িক বিষয়ের উপর প্রবন্ধ/আর্টিকেল জমা দেওয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। আর্টিকেল বিষয়ক নিম্নোক্ত রীতি অনুসরণ করা হয়ে থাকে।

১. রচনা মৌলিক এবং অন্য কোন জার্নাল বা সাময়িকী, সংবাদপত্রে প্রকাশিত হয়নি বা প্রকাশের জন্য প্রেরিত হয়নি, এ মর্মে তা জমা দেওয়া বা প্রেরণের সময় একটি লিখিত বিবৃতি প্রদান করতে হবে।
২. লেখা মানসম্পন্ন সাদা কাগজে (রিপোর্ট সাইজ) পর্যাপ্ত মার্জিন রেখে এক পৃষ্ঠায় ডাবল স্পেসে কম্পিউটার মুদ্রিত হতে হবে। মূল পাণ্ডুলিপির হার্ডকপিসহ ই-মেইলে সফটকপি প্রেরণ করতে হবে। কম্পিউটার কম্পোজের ক্ষেত্রে নিম্নোক্ত ফন্টের ব্যবহার অনুসরণীয়:
  - ইংরেজী Times New Roman ১২ ফন্ট
৩. মূল কপিসহ পাণ্ডুলিপির ২(দুই) প্রস্থ (পরিচ্ছন্ন কপি) সম্পাদকের বরাবরে পাঠাতে হবে। লেখার উপর আলাদা কাগজে (কভারপেজ) লেখার শিরোনামসহ রচয়িতার নাম, পদবি ও ঠিকানা উল্লেখ করতে হবে।
৪. ভিন্ন কাগজে লেখকের সংক্ষিপ্ত জীবন বৃত্তান্ত প্রবন্ধের সঙ্গে যুক্ত করতে হবে।
৫. প্রতিটি লেখার সঙ্গে অবশ্যই প্রবন্ধের একটি নির্যাস (Abstract) অনূধিক ১৫০ শব্দের মধ্যে লিখে প্রেরণ করতে হবে।
৬. লেখার পাদটীকায় ও তথ্যপঞ্জিতে লেখক, প্রকাশক, গ্রন্থের প্রকাশকাল, স্থান ও পৃষ্ঠা এবং সাময়িকীর ক্ষেত্রে রচয়িতা, রচনা/লেখার নাম, সাময়িকীর নাম, খন্ড ও ইস্যু সংখ্যার বছর ও পৃষ্ঠা প্রচলিত প্রমিত নিয়ম (Standard) অনুসারে উল্লেখ করতে হবে।
৭. লেখা প্রকাশিত হলে লেখক সৌজন্য সংখ্যা হিসেবে পত্রিকার ০৫(পাঁচ) কপি বিনামূল্যে পাবেন।
৮. প্রাপ্ত প্রবন্ধ এবং অন্যান্য লেখা প্রকাশের ক্ষেত্রে সম্পাদনা পর্ষদ এর সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে এবং অমনোনীত প্রবন্ধ/রচনা সাধারণত লেখককে ফেরত দেওয়া হয় না।
৯. মুদ্রিত প্রবন্ধের জন্য লেখককে নির্ধারিত হারে সম্মানী প্রদান করা হবে।

প্রাপক

শুভেচ্ছান্তে

আপনার একান্ত

  
(মোহাম্মদ শাহজাহান পিপিএম)  
বিপি নং-৭০৯৮০৪৩৪৬৮  
পরিচালক (গবেষণা ও প্রকাশনা)  
পক্ষে-রেক্টর  
পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ